



০০ ০০০০  
০০০০ ০০০০০০ ০০০০০০০০

Job Category: Hospitality/Travel/Tourism

Job Source: ০০০০০ ০০০০০ ০০০০

## Job Summary

Posted On: 3 Sep 2024

Application Deadline: 15 Oct 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
www.hajj.gov.bd

**২০২৫ সনে সরকারি মাধ্যমের হজযাত্রীদের হজ গাইড নিয়োগ বিজ্ঞপ্তি**

১৬.০০.০০০০.০২২.১১.০০৩.২৪-২৯৫ ১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ, ০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

২০২৫ সনের হজ সরকারি মাধ্যমের হজযাত্রীদের হজ গাইড হিসেবে নিয়োগ পেতে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগ্রহী ব্যক্তিগণ আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে শুধু হজ পোর্টালে [www.hajj.gov.bd/hajjguide](http://www.hajj.gov.bd/hajjguide) লিংকে ক্লিক করে নির্ধারিত ফরম পূরণ করে অনলাইনে আবেদন করতে পারবেন। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদন দাখিল বিষয়ে ১৬১৩৬ নম্বরে ফোন করে প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

**হজ গাইড নিয়োগ আবেদনের শর্তাবলী**

- আগ্রহী প্রার্থীকে ন্যূনতম একবার হজ পালনের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে
- প্রার্থীর বয়স ন্যূনতম ৩২ বৎসর ও অনধিক ৬২ বৎসর হবে। প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে
- প্রার্থীকে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে
- প্রার্থীকে শুদ্ধভাবে কোরআন তেলওয়াত, হজের মাসআলা-মাসায়েল জানতে হবে
- অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে ৪৪ জন হজযাত্রী সংগ্রহকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন
- বিভিন্ন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে
- প্রার্থীকে স্মার্ট মোবাইল ফোন, e-Hajj BD মোবাইল অ্যাপ ও WhatsApp ব্যবহারে পারদর্শী হতে হবে
- প্রার্থীকে কঠোর পরিশ্রমী ও আচরণে বিনয়ী হতে হবে
- প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সনদসহ হজ গাইড নিয়োগ কমিটির নিকট সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে
- আরবি ভাষায় পারদর্শীকে অগ্রাধিকার দেয়া হবে
- সাক্ষাৎকারে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে
- ইতোপূর্বে হজ গাইড হিসেবে দায়িত্বে অবহেলা বা শৃঙ্খলাজনিত কারণে অভিযুক্ত ব্যক্তির আবেদন বাতিল বলে গণ্য হবে
- ৪৪ জন হজযাত্রী সংগ্রহ, আরবি ভাষা ও হজের মাসআলা-মাসায়েলে দক্ষ ওমরাহ পালনকারী আলেম প্রার্থীর ক্ষেত্রে বিশেষ প্রয়োজনে হজ করার শর্ত শিথিলযোগ্য হইবে
- হজ পোর্টালে প্রার্থী নিজস্ব ইউজার আইডি হতে ভাউচারমূলে সরাসরি হজযাত্রী নিবন্ধন করাবেন, সিস্টেম হতে প্রাপ্ত নিবন্ধনের উক্ত তথ্য প্রার্থীর হজযাত্রী সংগ্রহের প্রমাণক হিসেবে গণ্য হবে
- ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ গাইড নিয়োগ, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা ইত্যাদি বিষয়ে প্রয়োজনে অন্যান্য শর্ত আরোপ করতে পারবে
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে
- ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ নিয়োগ প্রক্রিয়া যে কোন সময় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে
- সাক্ষাৎকারে উপস্থিতির জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

  
মো. তফিকুল ইসলাম  
সহকারী সচিব  
ফোন : ৫৫১০১৩৮০, morahajsection@gmail.com